



নির্বাচন ঘিরে অস্থিতিশীলতা তৈরির অপচেষ্টা চলছে: মির্জা ফখরুল



সংগৃহীত ছবি

কেরানীগঞ্জে বিএনপি নেতা হাসান মোল্লাকে গুলিবিদ্ধ করার ঘটনায় গভীর উদ্বেগ জানিয়ে তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি অভিযোগ করেন, আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে ঘিরে পরিকল্পিতভাবে ভয় ও বিশৃঙ্খলার পরিবেশ সৃষ্টি করা হচ্ছে।

গুৱাবার (২৩ জানুয়ারি) দুপুরে দেওয়া এক বিবৃতিতে তিনি বলেন, সাম্প্রতিক রাজনৈতিক পরিবর্তনের পরও কিছু দৃষ্টকারী গোষ্ঠী আড়ালে থেকে দেশকে অস্থিতিশীল করার চেষ্টা চালিয়ে যাচ্ছে। তাদের লক্ষ্য জনমনে আতঙ্ক সৃষ্টি করে স্বাভাবিক রাজনৈতিক পরিবেশ নষ্ট করা।

গত বৃহস্পতিবার রাত ৯টার দিকে কেরানীগঞ্জের দলীয় কার্যালয়ের সামনে হযরতপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক হাসান মোল্লা (৪২) গুলিবিদ্ধ হন। পরে গুরুতর অবস্থায় তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়।

মির্জা ফখরুল হামলার সঙ্গে জড়িতদের দ্রুত শনাক্ত করে আইনের আওতায় আনার দাবি জানান। তার ভাষায়, দোষীদের শাস্তির আওতায় না আনলে ভবিষ্যতে আরও বড় ধরনের নাশকতার ঝুঁকি তৈরি হতে পারে।

তিনি আরও বলেন, গণতন্ত্র ও মানুষের ভোটাধিকার রক্ষায় দল-মত নির্বিশেষে সবাইকে ঐক্যবদ্ধ থাকতে হবে। একই সঙ্গে আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন এবং নির্বাচনকে ঘিরে ভীতিমুক্ত পরিবেশ নিশ্চিত করতে সরকারের কার্যকর পদক্ষেপ প্রয়োজন।